# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৮৯

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি ও তার স্ত্রী নাপাকী গোসল করার ইচ্ছা করবে, তখন আবশ্যক হলো স্ত্রী প্রথমে দুই হাতের উপর পানি ঢেলে (হাত ধুয়ে) নিবে তারপর দুইজন একসাথে গোসল করবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْأَةَ وَزَوْجَهَا إِذَا أَرَادَا الِاغْتِسَالَ مِنَ الْجَنَابَةِ يَجِبُ أَنْ تَبْدَأَ الْمَرْأَةُ فتُفْرِغِ عَلَى يَدَيْهِ ثُمَّ يَغْتَسِلَانِ مَعًا

---

আরবী

1189 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا عِمْرَانُ بْنُ مُوسَى الْقَزَّازُ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيدٍ عَنْ يَزِيدَ الرِّشْكِ عَنْ مُعَاذَةَ الْعَدَوِيَّةِ قَالَتْ: سَأَلْتُ عَائِشَةَ: أَتَغْتَسِلُ الْمَرْأَةُ مَعَ زَوْجِهَا مِنَ الْجَنَابَةِ مِنَ الْإِنَاءِ الْوَاحِدِ جَمِيعًا؟ قَالَتْ: نَعَمْ الْمَاءُ طَهُورٌ لَا يُجْنِبُ وَلَقَدْ كُنْتُ أَغْتَسِلُ أَنَا وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْإِنَاءِ الْوَاحِدِ أَبْدَأُهُ فأُفرغ عَلَى يَدِهِ مِنْ قَبْلِ أَنْ يغمسهما في الماء.

الراوي : مُعَاذَةَ الْعَدَوِيَّة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1189 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৮৯. মু'আযাহ আল আদাবিয়্যাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করলাম, “কোন নারী কি তার স্বামীর সাথে একপাত্র থেকে গোসল করতে পারবে?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ, পারবে। পানি পবিত্র, তা নাপাক হয়ে যায়না। অবশ্যই আমি এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একই পাত্রে গোসল করতাম। আমি তাঁর দুই হাত পাত্রে চুবানোর আগে আমি আমার দুই হাতের উপর পানি ঢেলে ধুয়ে নিতাম।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৫১; মুসনাদ আহমাদ: ৬/১৭২; সুনান বাইহাকী: ১/১৮৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আযাহ আল ‘আদাবিয়্যাহ (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90503

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন